

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জনস্বাস্থ্য-১ অধিশাখা।


নং- স্বাপকম/জনস্বাস্থ্য-১/অটিজম-১/২০১২/৫৭

০৯ মার্চ, ২০১৪
তারিখঃ-----
২৫ ফাল্গুন, ১৪২০

বিষয়ঃ আগামী ০২ এপ্রিল, ২০১৪ বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২ এপ্রিল, ২০১৪ 'বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালন' উপলক্ষে বাংলাদেশেও অটিস্টিক জনগোষ্ঠিকে মূল স্রোতধারায় সম্পৃক্ত করা ও জনসচেতনতা সৃষ্টির জন্য দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে জেলা পর্যায়ে স্থানীয়ভাবে কর্মসূচি (র্যালি, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি) গ্রহণপূর্বক দিবসটি যথাযথভাবে পালন করা এবং সন্ধ্যায় স্থানীয় সকল সরকারি/বেসরকারি স্থাপনা/ভবনে নীল বাতি প্রজ্জ্বলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সিভিল সার্জন অফিস/উপ-পরিচালক পরিবার পরিকল্পনা অফিস-কে স্থানীয়ভাবে গৃহীত সকল কর্মসূচিতে যথাযথভাবে অংশগ্রহণসহ সন্ধ্যায় সকল সরকারি/বেসরকারি স্থাপনা/ভবনে নীল বাতি প্রজ্জ্বলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মনোজ কুমার রায়)
উপসচিব
ফোনঃ ৯৫৬৭২৫২

১। সিভিল সার্জন(সকল)

২। উপপরিচালক
পরিবার পরিকল্পনা অফিস(সকল)

অনুলিপিঃ

- (১) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- (২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- (৩) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- (৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- (৫) সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)